দৈনিক আমাদের সময়

তারিখ ২২-SEP-2016
পৃষ্ঠা ৬ কলাম ২

রাবিতে শিক্ষামন্ত্রী

# শিক্ষার নামে ব্যবসা বন্ধ করা হবে

**নিজস্ব প্রতিবেদক, রাজশাহী •** শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোকেও আমরা জ্ঞান সৃষ্টির জন্যই অগ্রাধিকার দিচ্ছি। কিন্তু একটা শ্রেণি নিজেরা লাভবান হতে চান। এটাকে ব্যবসা হিসেবে নিয়েছেন। তাদের ব্যবসায়িক হতে দেওয়া হবে না। শিক্ষার নামে দেশের যেসব বেসরকারি বিশ্ববিদ্যালয় ব্যবসা করছে, সেগুলো বন্ধ করে দেওয়া হবে। গতকাল সকাল ১০টায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে কৃতী শিক্ষার্থীদের স্বর্ণপদক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, বিশ্ববিদ্যালয়কে আমাদের একটু ভিন্ন দৃষ্টি থেকে দেখতে হবে। গতানুগতিকভাবে দেখলে চলবে না। বিশ্ববিদ্যালয় হচ্ছে জ্ঞানচর্চার জায়গা। এখানে গবেষণা হবে, নতুন নতুন জ্ঞানের সৃষ্টি হবে। আর যদি তা করা সম্ভব না হয়, তাহলে ওই বিশ্ববিদ্যালয় দিয়ে কী হবে? রাবি উপাচার্য অধ্যাপক মুহম্মদ মিজানউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে ৬৪ জনকে অগ্রণী ব্যাংক স্বর্ণপদক, ৩ জনকে ড. মমতাজ উদ্দিন আহমদ স্বর্ণপদক ও একজনকে ডা. একে খান স্বর্ণপদক প্রদান করা হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ শামস্-উল-ইসলাম। স্বাগত বক্তব্য দেন উপউপাচার্য অ্যাধাপক চৌধুরী সারওয়ার জাহান। সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক মু. এন্তাজুল হক।